গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দৌলতপুর, কুষ্টিয়া

নথি নম্বরঃ ০০.০০.৫০০০.০৩৯.০০২.২৪- ০২

তারিখঃ ১৭ পৌষ, ১৪৩১বঙ্গাব্দ
০১ জানুয়ারি,২০২৫ খ্রিষ্টাব্দ

## ২০ একরের নিচে জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী দৌলতপুর উপজেলায় নিম্নলিখিত জলমহালগুলো বাংলা ১৪৩২ হতে ১৪৩৪ সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত প্রকৃত মৎসজীবী সমবায় সমিতির নিকট হতে নিম্নলিখিত শর্তে অনলাইনে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| ক্র. নং | উপজেলার নাম | জলমহালের নাম | আয়তন (একরে) | সরকারি ইজারা মূল্য (প্রতি বছর) |
|---|---|---|---|---|
| ১. | দৌলতপুর | বাড়াগাংদিয়া দহ | ১৫.৫২ | ৩,৫৮,২৫০/- |
| ২. | দৌলতপুর | বড় পুকুর | ০.৬০ | ১৫,৭০০/- |
| ৩. | দৌলতপুর | ছোট পুকুর | ০.৪০ | ১০,৫০০/- |
| ৪. | দৌলতপুর | আড়িয়া দহ | ৭.১৯ | ৭৩,০০০/- |

**উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ একরের নিচে বদ্ধ সরকারি জলমহাল ব্যবস্থাপনার সিডিউল (ভূমি মন্ত্রণালয়ে ১৭ ডিসেম্বর ২০২৪ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯.(অংশ-২)-৬৯৪ নং স্মারকের প্রজ্ঞাপন মোতাবেক)**

| ক্র. নং | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ০১ | ২১ পৌষের মধ্যে | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে সাধারণ আবেদনে জলমহাল ইজারা আবেদন আহবান। |
| ০২ | ০১ মাঘ থেকে ১৪ মাঘের মধ্যে | অনলাইনে ইজারার আবেদন দাখিল। |
| ০৩ | ১৪ মাঘ এর পরবর্তী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল। |
| ০৪ | ২০ মাঘ থেকে ২৬ মাঘের মধ্যে | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই। |
| ০৫ | ২৭ মাঘ থেকে ০৪ ফাল্গুণের মধ্যে | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। |
| ০৬ | ০৫ ফাল্গুণ থেকে ২৫ ফাল্গুনের মধ্যে | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন। |
| ০৭ | ২৬ ফাল্গুণ থেকে ২৮ ফাল্গুণের মধ্যে | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ। |
| ০৮ | ২৯ ফাল্গুণ থেকে ২০ চৈত্রের মধ্যে | ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারাগ্রহীতার সাথে চুক্তি সম্পাদন। |
| ০৯ | ০১ বৈশাখ | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। |

০১/০১/২৫

মোঃ আব্দুল হাই সিদ্দিকী
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
দৌলতপুর, কুষ্টিয়া।

CS CamScanner

## -:নির্দেশিকা ও শর্তাবলী:-

০১। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী বদ্ধ জলমহাল ইজারা গ্রহণে আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎসজীবী সমবায় সমিতি উক্ত নীতিতে বর্ণিত প্রয়োজনীয় তথ্য ও দলিলাদিসহ নির্ধারিত সময়ের মধ্যে অনলাইন ইজারার জন্য আবেদন দাখিল করতে পারবে।

০২। অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎসজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে মন্ত্রণালয়ের ওয়েব সাইটে অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েব সাইটে আপলোড করা হয়েছে।

০৩। জলমহল ইজারার জন্য অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমা ০১ মাঘ হতে ১৪ মাঘের মধ্যে অফিস চলাকালীন পর্যন্ত।

০৪। অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমা পরবর্তী ০৩ কার্যদিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদি প্রিন্টিং কপিসহ দরপত্র ক্রয়/আবেদন ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যের অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার উপজেলা নির্বাহী অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া বরাবর দাখিল করতে হবে। জলমহাল ইজারার জন্য জামানতের ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া এর কার্যালয়ে দাখিল করতে হবে। সীলগালাকৃত উল্লেখিত খামের উপরিভাগে 'জলমহল ইজারা প্রাপ্তির জন্য আবেদন' কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বামপার্শ্বে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখতে হবে।

০৫। অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টিং কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনে তথ্যাদি সঠিক মর্মে বিবেচিত হবে।

০৬। আবেদনপত্রের প্রিন্টিং কপিসহ দাখিলের সময় আবেদনপত্রের উদ্ধৃত মূল্যের ২০%অর্থ জামানত হিসেবে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে উপজেলা নির্বাহী অফিসার, দৌলতপুর কুষ্টিয়া এর অনুকূলে আবেদনপত্রের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে। তাছাড়া আবেদনপত্র দাখিলকারী মৎস্যজীবী সমবায় সমিতি কর্তৃক সমিতির নিবন্ধনপত্রের সত্যায়িত কপিসহ প্রয়োজনীয় সকল কাগজপত্র এবং মৎস্যজীবী সমবায় সমিতির বৈধতা সম্পর্কে জেলা/উপজেলা সমবায় অফিসারের নিকট হতে প্রত্যায়নপত্র দাখিল করতে হবে। আবেদন পত্র অসম্পূর্ণ থাকলে বাতিলযোগ্য হবে।

০৭। ইজারার মেয়াদ বাংলা ১৪৩২ সনের ০১ বৈশাখ হতে ১৪৩৪ সনের ৩০ চৈত্র পর্যন্ত কার্যকর হবে। চুক্তিপত্র দলিল সম্পাদনের পূর্বে জলমহালের দখল প্রদান করা হবে না এবং বাংলা ১৪৩৪ সনের ৩০ চৈত্রের পর সয়ংক্রিয়ভাবে ইজালা বাতিল বলে গণ্য হবে।

০৮। ইজারার আবেদনপত্র অনুমোদনে বিলম্ব হলে উক্ত বিলম্বের কারনে কোন অবস্থাতেই ইজারার মেয়াদ বৃদ্ধির আবেদন গ্রহণযোগ্য হবে না। বছরের যেকোনো সময় দরপত্র আহবান করা হলেও ইজারার মেয়াদ ১৪৩২ সনের ০১ বৈশাখ হতে কার্যকর হবে বলে গণ্য হবে এবং বাংলা ১৪৩২ এ পহেলা বৈশাখ হতে সকল সরকারি প্রাপ্য আদায়যোগ্য হবে।

০৯। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী আবেদনপত্র গৃহীত হওয়া সাপেক্ষে জেলা প্রশাসক মহোদয়ের সিদ্ধান্তের প্রেক্ষিতে আবেদনপত্রে প্রদত্ত ১ম বছরের ইজারামূল্যসহ ইজারা মূল্যের ১৫ %ভ্যাট ও ১০% আয়কর ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে নির্ধারিত কোডে চালানে জমা দিতে হবে এবং পরবর্তী বছর সমূহের ইজারা মূল্য পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে জমা দিতে হবে। অন্যথায় ইজারা বাতিলসহ জমাকৃত জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবেনা। বকেয়া টাকা আইনানুগভাবে আদায় করা হবে।

০৯। আবেদনপত্র কেবলমাত্র অনলাইনে দাখিল করা যাবে। মৎস্যজীবী সমবায় সমিতির একটি ইমেইল ঠিকানা থাকা বাঞ্ছনীয়।

১০। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ইজারা প্রস্তাব অনুমোদনের পর যে সকল আবেদনপত্র গৃহীত হবে না, সে সকল আবেদনপত্রের নামে আমানত হিসাবে সংযুক্ত পে-অর্ডার ব্যাংক ড্রাফট আবেদনকারী কর্তৃক আবেদন সাপেক্ষে ফেরত দেয়া হবে।

১১। প্রতিটি আবেদনপত্রের প্রিন্টিং কপির খামের উপর জলমহালের নাম, মৎস্যজীবী সমবায় সমিতির নাম ও ঠিকানা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। আবেদনপত্রের সাথে সমিতির রেজিস্টেশন সনদ, সমিতির গঠনতন্ত্র, সভাপতি সম্পাদকের ছবি, নির্বাহী কমিটির সদস্যদের তালিকা, ০২ বছরের অডিট রিপোর্ট (প্রযোজ্য ক্ষেত্রে), বছরের কর্ম পরিকল্পনা, ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদ, সমিতির সকল সদস্য প্রকৃত মৎসজীবী মর্মে প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।

১২। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক গৃহীত আবেদনপত্রের সাথে দাখিলকৃত জামানত শেষ বছরের ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে। ৩০০ (তিন শত) টাকার নন-জুডিশিয়াল ইজারা চুক্তি দলিল সম্পাদন করতে হবে। ইজারা গ্রহীতা কোন অবস্থাতেই সম্পূর্ণ জলমহাল বা অংশ বিশেষ সাবলিজ দিতে পারবেন না। ইজারা বিজ্ঞপ্তিতে উল্লেখিত জলমহালের আয়তন এবং দখলীয় আয়তনের মধ্যে তারতম্য হলেও কোন আপত্তি উত্থাপন করতে পারবেন না।

১৩। দাখিলকৃত আবেদনসমূহ বিবেচনার ক্ষেত্রে ভূমি মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুসরণ করা হবে।

১৪। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে দাখিলকৃত যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৭/০১/২৫

মোঃ আব্দুল হাই সিদ্দিকী
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
দৌলতপুর, কুষ্টিয়া

CamScanner